দৈনিক
ইত্তেফাক

তারিখ 09 APR 2015
পৃষ্ঠা ১৪ কলাম ৬

# রংপুরে ছাত্রলীগের মিছিল ও সমাবেশ

■ রংপুর প্রতিনিধি

আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের সুষ্ঠু রায়ের প্রতি অসম্মান প্রদর্শন, জামায়াতের সহকারী সেক্রেটারী জেনারেল মোহাম্মদ কামারুজ্জামানের ফাঁসির রায় বানচালের ষড়যন্ত্র এবং জামায়াত-শিবিরের অবৈধ হরতালের প্রতিবাদে গতকাল বুধবার রংপুর জেলা ছাত্রলীগের উদ্যোগে রিকোভ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। গতকাল বুধবার মিছিলটি প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে। পরে সেখানে জেলা ছাত্রলীগের সভাপতি মেহেদী হাসান রনির সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক রাকিবুল হাসান কাননের সঞ্চালনায় অনুষ্ঠিত সমাবেশে বক্তব্য রাখেন সহ-সভাপতি শামীম সরদার, নুরে আলম, জিন্নাত হোসেন লাভলু, শরিফুল ইসলাম শরিফ, সুমন সরকার, সাবেক সহ-সভাপতি শাহিনুর ইসলাম গাজি, যুগ্ম সাধারণ সম্পাদক শেরেজাহান শাওন প্রমুখ।